আজকের কাগজ

তারিখ ... 31 MAR 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

118

৬ এপ্রিলের মধ্যে দাবি মানা না হলে

# ৮ এপ্রিল থেকে সরকারি কলেজ শিক্ষকরা অনির্দিষ্ট কালের জন্যে ধর্মঘটে যাবেন

সরকারি কলেজের শিক্ষকরা হুমকি দিয়েছেন যে, আগামী ৬ এপ্রিলের মধ্যে যদি শিক্ষকদের পদোন্নতি ও নিয়োগসহ ১২ দফা দাবি মানা না হয় তবে আগামী ৮ এপ্রিল থেকে তারা অনির্দিষ্টকালের জন্যে ধর্মঘটে যাবেন। আগামী ৭ এপ্রিল শিক্ষক প্রতিনিধিদের এক সম্মেলন সরকারি বাংলা কলেজে অনুষ্ঠিত হবে। সরকারি বাংলা কলেজের অধ্যাপক এবং প্রভাষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে।

গতকাল সরকারি কলেজের শিক্ষকদের দুই সমিতির পক্ষ থেকে এক যৌথ বিবৃতিতে শিক্ষক নেতারা অন্যান্য ক্যাডারের সঙ্গে শিক্ষকদের পে-স্কেলের সামঞ্জস্য বিধান এবং ২৪৯টি সরকারি কলেজে নতুন পদ সৃষ্টির দাবিসহ তাদের দাবিগুলো মেনে নেয়ার জন্যে প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানান। খবর ইউএনবি।